| | | | | |
|---|---|---|---|---|
| | | আলোচনা করা হয়। | টাকা বাবদ ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| | | ৩) মেসার্স এ লতিফ ফিলিং ষ্টেশন ডুমুরিয়া, খুলনাকে জুলাই/২৪ হতে জুন/২৫ মাসের তেলের বিল বাবদ ২,৯৬,৭০০/- টাকা ব্যয়িত হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ৩) জুলাই/২৪ হতে জুন/২৫ মাসের তেলের বিল বাবদ ২,৯৬,৭০০/- টাকা ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| | | ৪) জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, ডুমুরিয়া, খুলনাকে জুলাই/২৪ হতে জুন/২৫ মাসের উপজেলা পরিষদের সকল মিটারের বকেয়া বিদ্যুৎ বিল বাবদ ৭,৮৩,০৪৯/- টাকা ব্যয়িত হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ৪) জুলাই/২৪ হতে জুন/২৫ মাসের উপজেলা পরিষদের সকল মিটারের বকেয়া বিদ্যুৎ বিল বাবদ ৭,৮৩,০৪৯/- টাকা ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| | | ৫) জনাব সুশান্ত মন্ডল, ইলেক্ট্রিশিয়ান উপজেলা প্রকৌশলীর কার্যালয় ডুমুরিয়া, খুলনাকে উপজেলা বনলতা কোয়াটারে বৈদ্যুতিক মালামাল ক্রয় বাবদ মোট ২৪৯৮০/- টাকা দাখিল করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ৫) উপজেলা বনলতা কোয়াটারে বৈদ্যুতিক মালামাল ক্রয় বাবদ মোট ২৪৯৮০/- টাকা ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| | | ৬) জনাব সুশান্ত মন্ডল, ইলেক্ট্রিশিয়ান উপজেলা প্রকৌশলীর কার্যালয় ডুমুরিয়া, খুলনাকে উপজেলা বনলতা কোয়াটারে মটরের মালামাল ক্রয় বাবদ মোট ২৪৯৮৫/- টাকা দাখিল করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ৬) উপজেলা বনলতা কোয়াটারে মটরের মালামাল ক্রয় বাবদ মোট ২৪৯৮৫/- টাকা ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| | | ৭) জনাব নারায়ন চন্দ্র দাস, পরিচ্ছন্নতাকর্মী, উপজেলা পরিষদ, ডুমুরিয়া, খুলনাকে উপজেলা পরিষদের নতুন চেয়ার ও টেবিল ক্রয় বাবদ মোট ১,০০,০০০/- টাকা দাখিল করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ৭) উপজেলা পরিষদের নতুন চেয়ার ও টেবিল ক্রয় বাবদ মোট ১,০০,০০০/- টাকা ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| | | ৮) জনাব নারায়ন চন্দ্র দাস, পরিচ্ছন্নতাকর্মী, উপজেলা পরিষদ, ডুমুরিয়া, খুলনাকে উপজেলা পরিষদের ৪০ টি চেয়ার মেরামত বিল বাবদ মোট ৫০,০০০/- টাকা দাখিল করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ৮) উপজেলা পরিষদের ৪০ টি চেয়ার মেরামত বিল বাবদ মোট ৫০,০০০/- টাকা ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহিত | |

CS CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | ৯) জনাব জি এম রেজাউল করিম, জিপগাড়ী চালক, উপজেলা পরিষদ, ডুমুরিয়া, খুলনাকে উপজেলা পরিষদের জিপগাড়ী মেরামত বিল বাবদ মোট ৯৯,২০০/- টাকা দাখিল করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>১০) জনাব তৈয়েবুর রহমান, মেসার্স খান ট্রেডার্স, ডুমুরিয়া, খুলনাকে উপজেলা পরিষদের ৪ টি স্টিলের আলমারী ক্রয় বিল বাবদ মোট ১,০০,০০০/- টাকা দাখিল করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | হয়।<br><br>৯) উপজেলা পরিষদের জিপগাড়ী মেরামত বিল বাবদ মোট ৯৯,২০০/- টাকা ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>১০) উপজেলা পরিষদের ৪ টি স্টিলের আলমারী ক্রয় বিল বাবদ মোট ১,০০,০০০/- টাকা ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| ৫ | উপজেলা প্রকৌশলী, ডুমুরিয়া, খুলনা | (ক) উপজেলা প্রকৌশলী জানান যে, গত ২৭/০৫/২০২৫ খ্রি. তারিখের উপজেলা হাট-বাজার ইজারালব্ধ আয় থেকে হাট-বাজার উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ করার জন্য স্কীম দাখিল করার অনুরোধ করা হয়। তার পরিপ্রেক্ষিতে সকল ইউনিয়ন পরিষদ, বিভিন্ন দপ্তর, গণ্যমান্য ব্যক্তি ও সমাজসেবক এর নিকট হতে জনকল্যাণ কর স্কীম পাওয়া গেছে। বর্ণিত স্কীমগুলি যাচাই-বাছাই পূর্বক চূড়ান্ত তালিকার প্রস্তুতের নিমিত্তে সভায় উপস্থাপন করা হলো।<br><br>খ) উপজেলা প্রকৌশলী, ডুমুরিয়া, খুলনা জানান যে, ২০২৫-২৬ অর্থবছরে এডিপি ও উন্নয়ন তহবিলের স্কীমের তালিকা সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দের, গণ্যমান্য ব্যক্তিবর্গ এবং বিভিন্ন দপ্তর হতে স্কীমের তালিকা দাখিলের প্রস্তাব করেন।<br><br>গ) উপজেলা প্রকৌশলী, ডুমুরিয়া, খুলনা জানান যে, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দের তার আওতাভুক্ত কার্পেটিং যোগ্য সড়ক , কার্পেটিং মেরামত যোগ্য সড়কের তালিকা এবং এলজিইডি রোড আইডিভুক্ত করার জন্য রাস্তার তালিকা দাখিলের প্রস্তাব করেন।<br><br>ঘ) উপজেলা প্রকৌশলী, ডুমুরিয়া, খুলনা জানান যে, হাটবাজার উন্নয়ন তহবিলের আওতায় গৃহীত স্কীম সমূহের প্যাকেজ নং- হাটবাজার/২৩-২৪/০৫ কাজের জায়গার জটিলতার কারণে নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত করতে পারেন নাই এবং অত্র প্যাকেজে কাজ পরিবর্তনের কারণে সংশোধিত প্রাক্কলন প্রস্তুত করা হয়। যাহার সংশোধিত প্রাক্কলিত মূল্য ৩৪৮৩৫৯৫.৪৭ টাকা। সংশোধিত প্রাক্কলিত মূল্য এবং আগামী ৩০.০৭.২০২৫ ইং তারিখ পর্যন্ত সময়ের বৃদ্ধির জন্য প্রস্তাব করেন।<br><br>ঙ) প্যাকেজ নং- হাটবাজার/২৩-২৪/০৪ কাজের জায়গার জটিলতার কারণে নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত করতে পারেন নাই এবং অত্র প্যাকেজে অধিক কাজ হওয়ায় এবং | (ক) এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে প্রাপ্ত স্কীমগুলি যাচাই-বাছাই পূর্বক "পরিশিষ্ট-ক" তে উল্লেখিত স্কীমগুলি অনুমোদনের চূড়ান্ত সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।<br><br>খ) এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের স্কীমের তালিকা জরুরী ভিত্তিতে দাখিলের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।<br><br>গ) এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের স্কীমের তালিকা জরুরী ভিত্তিতে দাখিলের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।<br><br>(ঘ+ঙ) এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে ৩০.০৭.২০২৫ ইং সময় বৃদ্ধি এবং সংশোধিত প্রাক্কলিত মূল্য অনুমোদনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>ও<br>প্রশাসক, উপজেলা পরিষদ<br>এবং<br>উপজেলা প্রকৌশলী ডুমুরিয়া, খুলনা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | অক্টোবর/২৪ মাসে সংশোধনের অনুমোদন থাকায় সংশোধিত প্রাক্কলন প্রস্তুত করা হয়। সংশোধিত প্রাক্কলিত মূল্য ৪৬৬৩৯৮৬.৪৮ টাকা। সংশোধিত প্রাক্কলিত মূল্য এবং আগামী ৩০.০৭.২০২৫ ইং তারিখ পর্যন্ত সময়ের বৃদ্ধির জন্য প্রস্তাব করেন।<br><br>চ) উপজেলা প্রকৌশলী, ডুমুরিয়া, খুলনা জানান যে, ২০২৩-২৪ অর্থবছরে উপজেলা উন্নয়ন তহবিলের আওতায় প্যাকেজ নং- UDF/DUMU/23-24/P-26 & 27 গুটুদিয়া ইউনিয়নে বিভিন্ন সোলিং, আরসিসি, ইউনিব্লক সড়কের দৈর্ঘ্য এবং প্রস্থ পরিবর্তন এবং বিভিন্ন স্থানের কাজের ধরণ পরিবর্তন হওয়ার জন্য স্কীম ভেরিয়েশনের প্রয়োজন তবে চুক্তিমূল্য বৃদ্ধি পাবে না। এছাড়া সম্পূর্ন কাজ বাস্তবায়নের স্বার্থে আগামী ৩০.০৭.২০২৫ ইং পর্যন্ত সময়সীমা বৃদ্ধির প্রস্তাব করেন। | চ) এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় আলোচনান্তে স্কীম এর ভেরিয়েশনের প্রয়োজন হলে ভেরিয়েশনের সিদ্ধান্ত ও ৩০.০৭.২০২৫ ইং সময় বৃদ্ধির সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | |
| ৬ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ডুমুরিয়া, খুলনা | খ) উপজেলা প্রকৌশলী, ডুমুরিয়া খুলনা জানান যে, উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের/২৪-২৫ এর আওতায় অনুমোদিত স্কীমের ১৬৭ নং ক্রমিকে উপজেলা কার্যালয় এবং সদর পরিবার পরিকল্পনা ক্লিনিক ৩টি রুমের জন্য এসি ক্রয়-০১টি(১.৫টন), এসি মেরামত -০১টি, ৩টি রুমের জন্য আলমারী -০২টি ও পানির ফিল্টার -০২টি, ষ্ট্যাণ্ড ফ্যান -০১টি ম্যাট্রেস-০৩টি এবং অন্যান্ন আনুসংগিক বাবদ ২০০০০০.০০টাকা বরাদ্দ এবং টেণ্ডারের মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত ছিল কিন্তু প্রাক্কলন প্রস্তুতকালে বরাদ্দকৃত অর্থে সকল কাজ বাস্তবায়ন করা সম্ভব হয় নাই বিধায় কর্তৃক পক্ষের নির্দেশনা মোতাবেক উপজেলা কার্যালয় এবং সদর পরিবার পরিকল্পনা ক্লিনিক ৩টি রুমের জন্য এসি ক্রয়-০১টি(২.০০টন), ৩টি রুমের জন্য আলমারী -০২টি ও পানির ফিল্টার -০১টি কাজ পিআইসি এর মাধ্যমে বাস্তবায়নের প্রস্তাব করেন। | ১) ৯ টি ইউনিয়নের প্রতিস্থাপিত বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহীতা ও প্রতিবন্ধী ভাতার তালিকা চূড়ান্ত অনুমোদন দেওয়া হয়।<br><br>২) মাগুরাঘোনা, ধামালিয়া, রঘুনাথপুর, ডুমুরিয়া, সাহস ইউনিয়ন থেকে মৃত ভাতাভোগীদের প্রতিস্থাপিত তালিকা অতি দ্রুত উপজেলা সমাজসেবা কার্যালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, চেয়ারম্যান (সকল) |
| ৭ | উপজেলা তথ্য কেন্দ্র | সভায় কাজের অগ্রগতি উল্লেখ করে উপজেলা তথ্যসেবা কর্মকর্তা জানান যে, তথ্যআপাঃ তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে নারীদের ক্ষমতায়ন প্রকল্পের আওতায় প্রধান কার্যালয়ের মাসিক লক্ষ্যমাত্রা অনুযায়ী তথ্যকেন্দ্র থেকে প্রকল্প প্রধান কার্যালয়ের নির্দেশনায় ০২টি উঠান বৈঠকের মাধ্যমে ১০০ জনকে সেবা দেওয়া হয়েছে। ০৮নং শরাফপুর ইউনিয়নের ০৩নং ওয়ার্ডের দক্ষিণ কালিকাপুর সার্বজনীন মন্দিরে উঠান বৈঠক অনুষ্ঠিত হয়, রির্সোস পারসন ছিলেন উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার এবং সাব অফিসার ( ডুমুরিয়া ইন-চার্জ)। ০৪নং খর্নিয়া ইউনিয়নের ০৭নং ওয়ার্ডের টিপনা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে রিসোর্স পারসন ছিলেন উপজেলা শিক্ষা অফিসার ও পরিবার পরিকল্পনা অফিসার (অ.দাঃ) । তথ্যকেন্দ্র থেকে ৩০ জনকে সেবা দেওয়া হয়েছে। এমতাবস্তায় তথ্যকেন্দ্র থেকে সর্বমোট ১৩০ জনকে উল্লেখিত | তথ্যআপা তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে নারীদের ক্ষমতায়ন প্রকল্পের আওতায় উঠান বৈঠক, শিক্ষা, স্বাস্থ্য, আইন, ব্যবসা, কৃষি ও জেন্ডার বিষয়ে অনুষ্ঠান করার জন্য ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | বিষয়ে সেবা প্রদান করা হয়েছে। | | |
| ৮ | উপজেলা কৃষি কর্মকর্তা, ডুমুরিয়া, খুলনা | উপজেলা প্রকৌশলী, ডুমুরিয়া, খুলনা জানান যে, উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের/২৩-২৪ এর আওতায় ৩৬২নং ক্রমিকে বর্ণিত রাস্তাটি মালামাল নিয়ে বাস্তবায়ন করার উপযোগী নয় মর্মে চেয়ারম্যান, খর্ণিয়া ইউপি, ডুমুরিয়া, খুলনা জানান। তিনি আরও জানান যে, উক্ত রাস্তার কাজের পরিবর্তে খর্ণিয়া ৩নং ওয়ার্ডে আংগারদহ আব্দুর রউফ মোড়ল এর বাড়ির ইটের সোলিং রাস্তার মাথা হতে খুলনা- সাতক্ষীরা মহাসড়ক অভিমুখে রাস্তা সোলিংকরণ কাজটি বাস্তবায়নের প্রস্তাব করেন। এ ব্যাপারে কর্তৃপক্ষের দৃষ্টিগোচর আছে। | আমন ধান আবাদে লক্ষ্যমাত্র পূরণ করার বিষয়ে গুরুত্ব আরোপ করা হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, ডুমুরিয়া, খুলনা |
| ৯ | জনস্বাস্থ্য প্রকৌশলী অধিদপ্তর, ডুমুরিয়া, খুলনা | উপ-সহকারী প্রকৌশলী বলেন যে, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ডুমুরিয়া, খুলনা এর মাধ্যমে বিভিন্ন উন্নয়ন মূলক কাজ বাস্তবায়িত হচ্ছে। সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ৩৪২ টি গভীর নলকূপ ও ২২ টি রেইন ওয়াটার হার্ভেস্টিং স্থাপনের কাজ চলমান। এছাড়া, উপকূলীয় জেলাসমূহে বৃষ্টির পানি সংরক্ষণের মাধ্যমে পানি সরবরাহ প্রকল্প এর আওতায় বরাদ্দ প্রাপ্ত রেইন ওয়াটার হার্ভেস্টিং স্থাপনের কাজ চলমান আছে। এছাড়া চলতি অর্থবছরে সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ১৬০ টি গভীর নলকূপ ও ০৮ টি রেইন ওয়াটার হার্ভেস্টিং স্থাপনের ও উপকূলীয় জেলাসমূহে বৃষ্টির পানি সংরক্ষণের মাধ্যমে পানি সরবরাহ প্রকল্প এর প্রাপ্ত বরাদ্দের স্থান তালিকা নির্বাচন স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ি চূড়ান্ত হয়েছে।তাছাড়া PEDP-4 ও GPS প্রকল্পের অআওতায় বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশব্লক নির্মান কাজ চলমান আছে। এছাড়াও প্রস্তাবিত গ্রামীণ স্যানিটেশন প্রকল্পের আওতায় ০৪ টি কমিউনিটি টয়েলেটের বরাদ্দ পাওয়া গেছে। উক্ত কমিউনিটি টয়লেটের স্থান তালিকা নির্বাচন করা প্রয়োজন। তাছাড়া মাগুরখালী ইউনিয়নে "উপকূলীয় জেলা সমূহে বৃষ্টির পানি সংরক্ষণের মাধ্যমে পানি সরবরাহ" প্রকল্পের আওতায় ৪র্থ, ৫ম, ৬ষ্ঠ ও ৭ম পর্যায়ের ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের প্রাপ্ত বরাদ্দ হতে রেইন ওয়াটার হার্ভেষ্টিং স্থান তালিকা সহায়ক চাঁদা জমা না হওয়ায় উক্ত রেবিন ওয়াটার হার্ভেষ্টিং স্থাপনের কাজ সংশ্লিস্ট ঠিকাদার বাস্তবায়ন করতে পারছেন না, ফলে দাপ্তরিক কাজের অগ্রগতির ব্যাহত হচ্ছে। | ৩৪২ টি গভীর নলকূপ ও ২২ টি রেইন ওয়াটার হার্ভেস্টিং স্থাপনের কাজ চলমান। এছাড়া, উপকূলীয় জেলাসমূহে বৃষ্টির পানি সংরক্ষণের মাধ্যমে পানি সরবরাহ প্রকল্প এর আওতায় বরাদ্দ প্রাপ্ত রেইন ওয়াটার হার্ভেস্টিং স্থাপনের কাজ চলমান আছে। কাজের ব্যাপারে সকলের সহযোগিতা কামনা করেন। দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী, ডুমুরিয়া, খুলনা |

| | | | | |
|---|---|---|---|---|
| ১০ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ডুমুরিয়া, খুলনা | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জনাব এস এম কামরুজ্জামান সভায় জানান, ২০২৪-২০২৫ অর্থবছরে চলতি মাসে ৩০ জন যুব/যুব নারীকে প্রশিক্ষণ প্রদান করা হয় এবং ১১ জন যুব/যুব নারীকে আত্মকর্মীসহ চলতি অর্থবছরে ২৬ জন যুব/যুব নারীকে আত্মকর্মে নিয়োজিত করা হয়। আত্মকর্মসংস্থান কর্মসূচীতে এ অর্থবছরে ১৭ জন আত্মকর্মীকে ৮,৫০,০০০/- টাকা যুব ঋণ প্রদান করা হয়। এছাড়া ক্লাব রেজিষ্ট্রেশন কার্যক্রমসহ বায়োগ্যাস প্লান্ট স্থাপন এবং ঋণ সহযোগিতা চলমান আছে। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ও সুষ্ঠুভাবে সম্পন্ন হচ্ছে। | ২০২৪-২০২৫ অর্থবছরে চলতি মাসে ৩০ জন যুব/যুব নারীকে প্রশিক্ষণ প্রদান করা হয় এবং ১১ জন যুব/যুব নারীকে আত্মকর্মীসহ চলতি অর্থবছরে ২৬ জন যুব/যুব নারীকে আত্মকর্মে নিয়োজিত করা হয়। আত্মকর্মসংস্থান কর্মসূচীতে এ অর্থবছরে ১৭ জন আত্মকর্মীকে ৮,৫০,০০০/- টাকা যুব ঋণ প্রদান করা হয়। এছাড়া ক্লাব রেজিষ্ট্রেশন কার্যক্রমসহ বায়োগ্যাস প্লান্ট স্থাপন এবং ঋণ সহযোগিতা চলমান আছে। দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ডুমুরিয়া, খুলনা |
| ১১ | সিনিয়র মৎস্য কর্মকর্তা, ডুমুরিয়া, খুলনা। | আগামী ১৫ এপ্রিল/২৫ হতে ১১ জুন/২৫ পর্যন্ত মোট আটান্ন দিন সমুদ্রে সকল প্রকার মৎস্য আহরণ নিষেধ, সমুদ্রে মাছ ধরার জন্য সকল টলার মালিকদের অনুমতি উপজেলা মৎস্য দপ্তর থেকে অনুমিত পত্র গ্রহণের নির্দেশনা রয়েছে। এজন্য সকল টলার মালিকদের উপজেলা মৎস্য দপ্তর থেকে অনুমতি প্রাপ্ত পত্র গ্রহণের বিষয়ে আলোচনা করা হয়। মৃত্যুবরণকারী ও পেশা পরিবর্তনকারী জেলেদের নামের তালিকা প্রেরণের জন্য উপজেলার প্রতিটি ইউনিয়ন পরিষদের পত্র প্রেরণের মাধ্যমে তাগিদ দেওয়া হয়েছে। জলবদ্ধতা নিরসনে উপজেলা সকল খাল ইজারা মুক্ত রাখার অনুরোধ করা হয় এবং পানি উন্নয়ন বোর্ডকে অনুরোধ করে যত্রতত্র পানি প্রবেশের পাইপ বন্ধ না করার বিষয় বলা হয় প্রয়োজনে স্ব স্ব এলাকায় সরেজমিনে পরিদর্শন করে যেখানে পাইপ খোলা রাখা প্রয়োজন সেখানে খোলা রাখার জন্য অনুরোধ করা হয়। অন্যথায় মাছ চাষে বিঘ্ন ঘটতে পারে। | আগামী ১৫ এপ্রিল/২৫ হতে ১১ জুন/২৫ পর্যন্ত মোট আটান্ন দিন সমুদ্রে সকল প্রকার মৎস্য আহরণ নিষেধ, সমুদ্রে মাছ ধরার জন্য সকল টলার মালিকদের অনুমতি উপজেলা মৎস্য দপ্তর থেকে অনুমিত পত্র গ্রহণের নির্দেশনা প্রদান, সকল টলার মালিকদের উপজেলা মৎস্য দপ্তর থেকে অনুমতি প্রাপ্ত পত্র গ্রহণের জন্য এবং মৃত্যুবরণকারী ও পেশা পরিবর্তনকারী জেলেদের নামের তালিকা প্রেরণের জন্য উপজেলার প্রতিটি ইউনিয়ন পরিষদের পত্র প্রেরণের মাধ্যমে তাগিদ, জলবদ্ধতা নিরসনে উপজেলা সকল খাল ইজারা মুক্ত রাখার পানি উন্নয়ন বোর্ডকে অনুরোধ করে যত্রতত্র পানি প্রবেশের পাইপ বন্ধ না করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা, ডুমুরিয়া, খুলনা। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১২ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ডুমুরিয়া, খুলনা। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ডুমুরিয়া, খুলনা জানান যে, গুটুদিয়া ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে সুপেয় পানির অভাব সেবাগ্রহীতাগণ বেশিরভাগই গর্ভবতী মা, নারী, শিশু ও বৃদ্ধ হওয়ায় তারা সুপেয় পানি থেকে বঞ্চিত হচ্ছে। এছাড়া উক্ত কেন্দ্রের সেবা প্রদানকারী কোর্য়াটারে অবস্থান করেন, তাদের অনেক দূর থেকে সুপেয় পানি সংগ্রহ করতে হয়। খর্ণিয়া ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের নিরাপত্তাজনিত সমস্যা রয়েছে। সম্প্রতি উক্ত কেন্দ্রে স্থানীয় বখাটেদের উপদ্রব বেড়েছে। ফলে সরকারি সম্পত্তি ও সেবা প্রদানকারীগণের জান-মালের ক্ষয়ক্ষতি হওয়ার সম্ভাবনা রয়েছে। আটলিয়া ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে একটি "রোড় শিশু গাছ" ভেঙ্গে পড়েছে এতে সেবাকেন্দ্রটির কিছু অংশ ক্ষতিগ্রস্থ হয়েছে। গাছটি অপসারণ করা জরুরী হয়ে পরেছে। বর্তমানে পরিবার পরিকল্পনা বিভাগের ঔষধের ও পরিবার পরিকল্পনা সামগ্রী (খাবার বড়ি, কনডম) সরবরাহ সীমিত যার ফলে সেবাগ্রহিতাদের চাহিদা অনুযায়ী এসকল সেবা দেয়া কস্টসাধ্য হয়ে পড়েছে। অপরদিকে দীর্ঘমেয়াদী জন্মনিয়ন্ত্রন পদ্ধতিসমূহের (Lmplant/IUD) সামগ্রীর স্বল্পতার কারণে মে/২০২৫ খ্রি: এর পরে এসকল জন্মনিয়ন্ত্রন সামগ্রী পরবর্তী সরবরাহ না আসা পর্যন্ত বিতরণ সম্ভব হবে না। | গুটুদিয়া ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে সুপেয় পানির অভাব সেবাগ্রহীতাগণ বেশিরভাগই গর্ভবতী মা, নারী, শিশু ও বৃদ্ধ হওয়ায় তারা সুপেয় পানি থেকে বঞ্চিত, খর্ণিয়া ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের নিরাপত্তা জোরদারকরণ, আটলিয়া ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে একটি "রোড় শিশু গাছটি " অপসারণ, পরিবার পরিকল্পনা বিভাগের ঔষধের ও পরিবার পরিকল্পনা সামগ্রী (খাবার বড়ি, কনডম) সরবরাহ স্বাভাবিক রাখার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ডুমুরিয়া, খুলনা। |
| ১৩ | নির্বাহী প্রকৌশলী, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, খুলনা। | পানি উন্নয়ন বিভাগ-১ , বাপাউবো খুলনা এর ডুমুরিয়া পানি উন্নয়ন উপ-বিভাগাধীন বর্তমান ২০২৪-২৫ অর্থ বছরের পরিচালন ব্যয় খাতের আওতায় ১৮ প্যাকেজের কাজ চলমান। উক্ত প্যাকেজের কাজের মধ্যে ৮ টি খাল পুন: খনন ৯,০৫০ কি:মি: ৮ টি খালে মুখ থেকে পলি অপসারণ, বাঁধের উপর থেকে পানি ওভার টপিং রোধে স্লোপ মেরামত সহ ৩.৬৮০ কি: মি: উচু করন স্লুইস মেরামত সহ বিভিন্ন স্লুইস/রেগুলেটরে নতুন জল কপাট সংযোজন কাজ। পোল্ডারের অজান্তরে লবন পানি প্রবেশরোধে বাঁধে অবৈধ স্থাপিত বিভিন্ন প্রকার পাইপ অপসারণ/বন্ধ করণ কাজ চলমান আছে। ডুমুরিয়া উপজেলায় ১৪ টি ইউনিয়ন আছে এর মধ্যে ডুমুরিয়া পানি উন্নয়ন উপ বিভাগ ৯টি ইউনিয়ন এবং খুলনা পানি উন্নয়ন বিভাগ-১ এর সদর পানি উন্নয়ন উপ-বিভাগ ৫টি ইউনিয়ন দেখভাল করে। এক্ষেত্রে উপজেলার বিভিন্ন গুরুত্ব পূর্ন মিটিংসহ অন্যান্য কাজে দায়িত্ব প্রাপ্ত দুই উপ-বিভাগের উপ-বিভাগীয় প্রকৌশলী বা তাদের উপযুক্ত প্রতিনিধি উপস্থিত থাকলে অনেক সমস্যার দ্রুত উন্নয়ন করণ উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিত করণসহ প্রশাসনের বিভিন্ন কাজে সহযোগীতা করা সহজতোর হয়। বর্তমানে পোল্ডার নং ১৭/১ এ আন্ধার মানিক খাল খনন কাজ শুরু করলে স্থানীয় কতিপয় ব্যক্তি আদালতের মাধ্যমে খাল খননের নিষেধাজ্ঞা আনলে উপজেলা প্রশাসনকে অবহিত করা হয়। উপজেলা প্রশাসন থেকে সহযোগিতা করা হয়েছে আশা করা যায় দ্রুত সময়ের মধ্যে খাল খনন কাজ শুরু করা সম্ভব | পানি উন্নয়ন বোর্ডের সকল কার্যক্রম চলমান ও স্বাভাবিক রাখার জন্য ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | নির্বাহী প্রকৌশলী, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, খুলনা। |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | হবে। আটলিয়া ও মাগুরখালী ইউনিয়নের সীমানা দিয়ে খনন কৃত তালতলা বাগআছড়া নদী ৫.৮০০ কিঃ মিঃ ইতোমধ্যে পানি চলাচলের জন্য বাঁধ অপসারণ করে উন্মুক্ত করা হয়েছে। উক্ত নদী পুনঃ খনন হওয়ায় এলাকার জলাবদ্ধতা কিছু নিরসন হবে। | | |
| ১৪ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রণ কর্মকর্তা, ডুমুরিয়া, খুলনা। | নতুন এ্যাপ চালু করা হয়েছে। কৃষকের এ্যাপে আবেদন করতে কৃষকের কৃষি কার্ড ও এন আই ডি প্রয়োজন হবে। কৃষক ঘরে বসে এ্যাপ ইনস্টল করে আবেদন করতে পারবে।এ বিষয়ে ডুমুরিয়া খাদ্য বিভাগের পক্ষ হতে মাইকিং সহ ব্যাপক প্রচারণা চালানো হচ্ছে। পাশাপাশি আজকের সভায় উপস্থিত সকলের মাধ্যমেও কৃষকদের মাঝে ব্যপক প্রচারণার জন্য অনুরোধ করা যাচ্ছে। চাল সংগ্রহের জন্য ডুমুরিয়া উপজেলায় খাদ্য বিভাগীয় লাইসেন্সধারী সর্বমোট ১২ টি রাইস মিল আছে। যার মধ্যে অটো রাইস মিল ০১ টি হাস্কিং রাইস মিল ১১ টি।<br><br>২) ডুমুরিয়া উপজেলা পরিষদেরর পুরাতন একতল বিশিষ্ট ভবনের যে দুইটি কক্ষে উপজেলা খাদ্য বিভাগের দাপ্তরিক কার্যক্রম পরিচালিত হচ্ছে তা জরাজীর্ণ ও সংকীর্ণ। সেখানে টয়লেট ও পানির কোন ব্যবস্থা নেই। টয়লেট ও পানির ব্যবস্থা না থাকায় উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়ে দুই জন মহিলা কর্মকর্তাসহ অন্য কর্মচারীদের খুবই বিব্রতকর পরিস্থিতির সম্মুখীন হতে হচ্ছে। এছাড়া বর্ষা মৌসুমে উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়ের সম্মুখে ব্যপক জলবদ্ধতার সৃষ্টি হয়। বর্ষা মৌসুমে জলাবদ্ধতার কারণে হাটু পানিতে ভিজে অফিস কক্ষে প্রবেশ করতে হয় যা অত্যান্ত বিব্রতকর। উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়ের দাপ্তরিক কার্যক্রম পরিচালিত রুম দুইটি সংস্কারসহ উল্লেখিত সমস্যা সমাধানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহোদয়ের সদয় দৃষ্টি আকর্ষণ করছি। | কৃষকরা যাতে ধানের ন্যায্য মূল্য পায় এবং ডুমুরিয়া উপজেলা পরিষদের পুরাতন একতল বিশিষ্ট ভবনের যে দুইটি কক্ষে উপজেলা খাদ্য বিভাগের দাপ্তরিক কার্যক্রম পরিচালিত হচ্ছে তা জরাজীর্ণ ও সংকীর্ণ সে ভবনের সংস্কারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সবর্সম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা খাদ্য নিয়ন্ত্রণ কর্মকর্তা, ডুমুরিয়া, খুলনা। |
| ১৫ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ডুমুরিয়া, খুলনা। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ডুমুরিয়া, খুলনা সভায় জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে কাবিখা খাদ্যশস্য (চাউল/গম) ১ম, ২য় ও ৩য় পর্যায়ের বরাদ্দকৃত প্রকল্পের কাজের সময়সীমা আগামী ৩০ জুন - ২০২৫ খ্রিঃ মাস পর্যন্ত সর্বেশষ সময়সীমা বৃদ্ধি করা হয়েছে। উক্ত সময়সীমার মধ্যে কাজ সমাপ্ত করে খাদ্যশস্য উত্তোলন না করলে তামাদি হয়ে যাবে। এমতাবস্থায়, আগামী ৩০ জুন - ২০২৫ খ্রিঃ তারিখের মধ্যে সকল ইউপি চেয়ারম্যানগণ এবং সংশ্লিষ্ট প্রকল্প বাস্তবায়ন কমিটির সভাপতিকে প্রকল্পের কাজ সমাপ্ত করে খাদ্যশষ্য উত্তোলেনর অনুরোধ করেন। যদি কোন প্রকল্প সভাপতি উক্ত সময়ের মধ্যে সমাপ্ত না করতে পারেন তাহলে তার খাদ্যশষ্য অনুত্তোলিত থাকবে এবং এর জন্য তিনি ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন। তিনি সভায় আরও জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে টি আর,কাবিটা (নগদ অর্থ) কর্মসূচীর ১ম,২য় ও ৩য় পর্যায়ের বরাদ্দকৃত প্রকল্পের কাজ বাস্তবায়ন ও অর্থ উত্তোলনের সর্বেশষ সময়সীমা ২৬ জুন ২০২৫ খ্রিঃ পর্যন্ত সময়সীমা | এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে, ২০২৪-২০২৫ অর্থ বছরে কাবিখা খাদ্যশস্য (চাউল/গম) ১ম,২য় ও ৩য় পর্যায়ের বরাদ্দকৃত প্রকল্পের কাজের সময়সীমা আগামী ৩০ জুন - ২০২৫ খ্রিঃ তারিখের মধ্যে সকল ইউপি চেয়ারম্যানগণ এবং সংশ্লিষ্ট প্রকল্প বাস্তবায়ন কমিটির সভাপতিকে প্রকল্পের কাজ সমাপ্ত করে খাদ্যশস্য উত্তোলেনর সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। উক্ত সময়ের মধ্যে সমাপ্ত না করতে পারলে প্রকল্প সভাপতি ব্যক্তিগতভাবে | উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ইউপি চেয়ারম্যান (সকল) ও প্রকল্প বাস্তবায়ন কমিটির সভাপতি ডুমুরিয়া, খুলনা। |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | থাকলেও ১৬৭ টি (একশত সাতষট্টি) টি প্রকেল্পর কাজ অতিবৃষ্টি এবং জলাবদ্ধতার কারনে কাজ বাস্তবায়ন সম্ভব হয়নি। যাহার সিদ্ধান্ত প্রেয়োজন। | দায়ী থাকিবেন।<br><br>এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে, ২০২৪-২০২৫ অর্থ বছরে ১৬৭ টি (একশত সাতষট্টি) টি প্রকল্পের কাজ অতিবৃষ্টি এবং জলাবদ্ধতার কারনে যে কাজগুলি বাস্তবায়ন সম্ভব হয়নি। সে প্রকল্পগুলির সমুদয় অর্থ যেন তামাদি না হয় বিধায় জনস্বার্থে উক্ত অর্থ উত্তোলনপূর্বক উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ডুমুরিয়া, খুলনা মহোদেয়র যৌথ স্বাক্ষরে পুবালী ব্যাংক পিএলসি, ডুমুরিয়া শাখায় জমা প্রদানের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। এবং প্রকল্পের কাজ সমাপ্ত করে আগামী ৩০ জুন - ২০২৫ খ্রিঃ তারিখের মধ্যে সংশ্লিষ্ট প্রকল্প বাস্তবায়ন কমিটির সভাপতিকে অর্থ উত্তোলেনর অনুরোধ করেন। | |
| ১৬ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প কর্মকর্তা, ডুমুরিয়া, খুলনা। (জাইকা) | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প কর্মকর্তা, ডুমুরিয়া,খুলনা সভায় জানান যে, এখন হতে এডিপির বরাদ্দ ইউজিডিপি এর ন্যায় সমীক্ষার ভিত্তিতে হবে। সমীক্ষা উপজেলার ওয়েব পোর্টাল এর বিভিন্ন সূচকের উপর হয়ে থাকে। তাই উপজেলার ওয়েব পোর্টাল হালনাগাদ করা বিশেষ দরকার। এ জন্য উপজেলা পরিষদে হস্তান্তরিত জাতি গঠনমূলক ১৭টি বিভাগের ২০২৪-২৫ অর্থবছরের "উপজেলা কমিটির সভা"(পূর্বে স্ট্যান্ডিং কমিটি বলা হতো) এর রেজুলেশন জমা দেয়ার জন্য সংশ্লিষ্ঠ সকলকে ইতোমধ্যে চিঠি প্রদান করা হয়েছে। আগামী জুলাই/২৫ এর ১ম সপ্তাহের মধ্যে সংশ্লিষ্ঠ সকলকে স্ব-স্ব কমিটির ৬টি করে রেজুলেশন জমাদানের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, রেজুলেশন সাথে সভার নোটিশ, উপস্থিত সদস্যগণের স্বাক্ষর একত্রে ওয়েব পোর্টালে অন্তর্ভূক্ত করতে হয়। | এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় রেজুলেশন সাথে সভার নোটিশ, উপস্থিত সদস্যগণের স্বাক্ষর একত্রে ওয়েব পোর্টালে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প কর্মকর্তা,ডুমুরিয়া,খুলনা। (জায়কা) |
| ১৭ | বিবিধ আলোচনা | উপজেলা নির্বাহী অফিসার, ডুমুরিয়া, খুলনা অবহিত করেন যে, বাংলা ১৪৩০, ১৪৩১ ও ১৪৩২ সালে হাট-বাজার ইজারালব্ধ ১৫% অর্থ উন্নয়ন ও ১০% অর্থ রক্ষণাবেক্ষণ বাবদ মোট ২,১৩,১৪,৭৫৫/- টাকা হাট-বাজারের উন্নয়নের জন্য | প্রকল্প যাচাই বাছাইপূর্বক সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানবৃন্দকে আগামী ১৫ দিনের মধ্যে দাখিল | উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | বিধি মোতাবেক ব্যয় করা যাবে। যে সমস্ত হাট-বাজারের উন্নয়ন জরুরী সে সব হাট-বাজারের প্রকল্প স্থানীয় গণ্যমাণ্য ব্যক্তি, হাট-বাজার এর বনিক সমিতিসহ সকলের সাথে আলোচনাপূর্বক ইউপি চেয়ারম্যানগণকে দাখিল করার জন্য অনুরোধ করা হয়। | করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | পরিষদ এবং উপজেলা প্রকৌশলী ডুমুরিয়া, খুলনা |
| | | খ. উপজেলা নির্বাহী অফিসার, ডুমুরিয়া, খুলনা অবহিত করেন যে, ইউনিয়ন পরিষদ অংশের স্থাবর সম্পতি হস্তান্তর কর ১% হিসাবটি বাংলাদেশ সোনালী ব্যাংক, (পিএলসি) ডুমুরিয়া, খুলনা শাখা হতে যমুনা ব্যাংক লিমিটেড, ডুমুরিয়া শাখা স্থানান্তর বিষয়ে আলোচনা হয়। | খ. এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং সর্বসম্মতিক্রমে উক্ত হিসাবটি স্থানান্তরের সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| | | গ) প্রশাসক, উপজেলা পরিষদ, ডুমুরিয়া, খুলনা জানান যে, জনাব মোঃ ফজলুর রহমান মোড়ল, কেয়ারটেকার চুকনগর বধ্যভূমি স্মৃতিস্তম্ভ, চুকনগর, ডুমুরিয়া, খুলনা তার পারিশ্রমিক বৃদ্ধির জন্য ০৭/০১/২০২৫ খ্রি. তারিখে একটি আবেদন করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | গ) আলোচনার পরিপ্রেক্ষিতে সর্বসম্মতিক্রমে ১০০০/- টাকা বৃদ্ধি করে জুলাই/২৫ হতে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | |

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৩.০৬.২০২৫
মুহাম্মদ আল-আমিন
প্রশাসক
ডুমুরিয়া উপজেলা পরিষদ
ডুমুরিয়া, খুলনা
ফোন: ০৪০২৫-৫৬২২৫(অফিস)

স্মারক নং-০৫.৪৪.৪৭৩০.০০১.০৬.০০১.২১. ৩৫৭/৩(৫০) তারিখ: ২৩/০৬/২০২৫ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

০১ সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২ বিভাগীয় কমিশনার, খুলনা।
০৩ জেলা প্রশাসক, খুলনা।
০৪ উপপরিচালক, স্থানীয় সরকার, খুলনা।
০৫ নির্বাহী প্রকৌশলী এল.জি.ই.ডি/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর/শিক্ষা প্রকৌশল অধিদপ্তর/সড়ক ও জনপথ অধিদপ্তর/ পানি উন্নয়ন বোর্ড,খুলনা।
০৬ উপপরিচালক, মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর, খুলনা।
০৭ জেলা শিক্ষা অফিসার, খুলনা।
০৮ ------------------------------------------------------------------------------------(জেলা পর্যায়ের দপ্তর সংশ্লিষ্ট প্রধান)
০৯ উপজেলা ---------------------------------------------------------------------------, ডুমুরিয়া, খুলনা।
১০ উপজেলা আই.সি.টি কর্মকর্তা, ডুমুরিয়া, খুলনা। বিষয়টি ওয়য়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১১ জনাব --------------------------------------------------------------------------

২৩.০৬.২০২৫
মুহাম্মদ আল-আমিন
উপজেলা নির্বাহী অফিসার
ডুমুরিয়া, খুলনা
ফোন: ০৪০২৫-৫৬০০১

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
ডুমুরিয়া, খুলনা
www.dumuria.khulna.gov.bd

**উপজেলা পরিষদ, ডুমুরিয়া, খুলনা এর জুন-২০২৫ খ্রিঃ মাসের সভার কার্যবিবরণী:**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মুহাম্মদ আল-আমিন, প্রশাসক, উপজেলা পরিষদ, ডুমুরিয়া, খুলনা। |
| সভার স্থান | : | উপজেলা কমপ্লেক্স সম্প্রসারিত প্রশাসনিক ভবনের হলরুম, ডুমুরিয়া, খুলনা। |
| সভার তারিখ ও সময় | : | ২৩ জুন ২০২৫ সময় – দুপুর ১১.০০ টা |
| উপস্থিত সদস্যবৃন্দ | : | পরিশিষ্ট 'ক' |

সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর সভাপতি গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং কার্যপত্র উপস্থাপন করেন। সভায় নিম্নরূপ বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়।

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ | বিগত সভার কার্যবিবরণী অনুমোদন | উপজেলা নির্বাহী অফিসার মহোদয় কর্তৃক বিগত ২৭ মে, ২০২৫ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী উক্ত সভায় উপস্থাপন করা হয়। কোনোরূপ সংশোধনী প্রস্তাব না থাকায় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন করার প্রতি গুরুত্বারোপ করা হয়। | কোন সংশোধনী প্রস্তাব না থাকায় ২৭ মে, ২০২৫ খ্রিঃ তারিখের সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পরিষদ, ডুমুরিয়া, খুলনা |
| ২ | গৃহিত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা | বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি সভায় আলোচনা হয়। সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নপূর্বক পরবর্তী সভার পূর্বে অবহিত করলে কার্যবিবরণী প্রস্তুতে সহায়ক হয়। সিদ্ধান্ত বাস্তবায়নে অগ্রগতি সন্তোষজনক। | সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন এবং নতুন এজেন্ডা সম্পর্কিত প্রতিবেদন ১৫ দিনের মধ্যে উপজেলা নির্বাহী কর্মকর্তা বরাবর প্রেরণ নিশ্চিত করতে হবে। | উপজেলা পর্যায়ে সংশ্লিষ্ট কর্মকর্তা ডুমুরিয়া, খুলনা |
| ৩ | আয়-ব্যয়ের হিসাব | উপজেলা নির্বাহী অফিসার, ডুমুরিয়া, খুলনা জুন-২০২৫ মাসে উপজেলা পরিষদ রাজস্ব ও উন্নয়ন তহবিলে জমা/আয় এবং উক্ত তহবিল হতে ব্যয়ের হিসাব সভায় উপস্থাপন করেন যা-নিম্নরুপ:<br>উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের আয় বিবরণী:<br>উপজেলা পরিষদ রাজস্ব তহবিলে জুন-২০২৫ মাসে স্থিতি পরিমাণ- ৪,৬১,২২,৩১০.৮৪/- টাকা এবং উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলে স্থিতির পরিমাণ- ২,৯৬,৫৪,৪৫৬.৩৮/- টাকা। | ক) উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থ বিধি মোতাবেক জমা এবং ব্যয় নিশ্চিত করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ ডুমুরিয়া, খুলনা |
| ৪ | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে বিভিন্ন ব্যয় ও প্রকল্প গ্রহণ | ১) জনাব গোবিন্দ কুমার দাস, ক্যাবল অপারেটর, ডুমুরিয়া, খুলনাকে উপজেলা পরিষদের ও উপজেলা নির্বাহী অফিসের মাসিক ইন্টারনেট বিল বাবদ ২৪,০০০/- টাকা ব্যয়িত হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>২) জনাব মেসার্স খান শাহীন ডুমুরিয়া, খুলনাকে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের ৩টি ঘরের বিল বাবদ ৯,১৮,৪৯৬/- টাকা ব্যয়িত হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত | ১) উপজেলা পরিষদের ও উপজেলা নির্বাহী অফিসের মাসিক ইন্টারনেট বিল বাবদ ২৪,০০০/- ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>২) উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের ৩টি ঘরের বিল বাবদ ৯,১৮,৪৯৬/- | উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ ডুমুরিয়া, খুলনা |

CamScanner